# সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহিত চুক্তিনামা
## (উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট/জেলা শিল্পকলা একাডেমী/ জেলা সরকারী পাবলিক লাইব্রেরী হস্তান্তর সংক্রান্ত চুক্তিনামা)

খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ধারা ২৩ (খ) এর অধীনে সরকার কর্তৃক খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট আইনের প্রথম তফসীলে বর্ণিত সংশ্লিষ্ট কার্যাবলী বাস্তবায়নের নিমিত্ত জেলাস্থ উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট/জেলা শিল্পকলা একাডেমী/জেলা সরকারী পাবলিক লাইব্রেরী হস্তান্তর সংক্রান্ত চুক্তিনামা।

যেহেতু খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২০ নং আইন) এর ২৩ ধারার দফা (খ) অনুযায়ী সরকার লিখিত কার্যাবলী, কর্মকর্তা, কর্মচারী ও সম্পদ ইত্যাদি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট নিম্নলিখিত শর্তে হস্তান্তর করিতে ইচ্ছা প্রকাশ করিয়াছে;

এবং যেহেতু সরকার ও খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের মধ্যে এই বিষয়ে আলোচনা হইয়াছে এবং উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ উক্ত বিষয়গুলি নিম্নলিখিত শর্তে গ্রহণ করিতে সম্মত হইয়াছেন;

সেহেতু সরকার উপরোক্ত আইনের ২৩(খ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের সম্মতিক্রমে নিম্নলিখিত বিষয়গুলি নিম্নলিখিত শর্তাধীনে খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের নিকট হস্তান্তর করিলেন ঃ

(ক) কার্যাবলী ঃ

(১) সাধারণ ও উপজাতীয় সংস্কৃতিমূলক কর্মকান্ড সংগঠন ও উহাতে উৎসাহ দান;
(২) যাদুঘর ও আর্ট গ্যালারী স্থাপন ও প্রদর্শনীর সংগঠন;
(৩) সংস্কৃতি উন্নয়নমূলক অন্যান্য ব্যবস্থা।

(খ) কর্মকর্তা, কর্মচারী ও সম্পদ ইত্যাদি ঃ

(১) সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সরাসরি অধীনস্থ উপজাতীয় ইনস্টিটিউট খাগড়াছড়ি এর পরিচালক এবং তাঁহার কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী।
(২) বাংলাদেশ শিল্পকলা একাডেমীর অধীনস্থ জেলা শিল্পকলা একাডেমীর সকল কর্মকর্তা/কর্মচারী।
(৩) গণ গ্রন্থাগার অধিদপ্তরের অধীনস্থ জেলা সরকারী পাবলিক লাইব্রেরীর সকল কর্মকর্তা/কর্মচারী।
(৪) উপরোক্ত কার্যালয় সমূহের সম্পদ, ভবন ও আসবাবপত্র ইত্যাদি।

(গ) শর্তাদি ঃ

(১) বেতন, ভাতাসহ সকল ব্যয় ঃ

সকল কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ভাতাসহ কার্যালয় সমূহের অন্যান্য ব্যয় এবং পরিষদের মাধ্যমে বাস্তবায়নযোগ্য উন্নয়ন প্রকল্পের জন্য বাজেট বরাদ্দকৃত ব্যয়ের অর্থ সংস্থা প্রধান স্থানীয় সরকার পরিষদের নিকট ন্যস্ত করিবেন।

(২) নিয়োগ ও বদলী ও শৃংখলা ঃ

(২.১) স্থানীয় সরকার পরিষদ ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীর পদে পরিষদের বিধি/প্রবিধান অনুযায়ী নিয়োগ, বদলী, পদোন্নতি প্রদান এবং শৃংখলামূলক ব্যবস্থা ইত্যাদি গ্রহণ করিতে পারিবেন। পরিষদের বিধি/প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সকল কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে নিয়োজিত বলিয়া গণ্য হইবেন এবং প্রচলিত সরকারী বিধি/প্রবিধি/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হইবেন।

(২.২) স্থানীয় সরকার পরিষদ নিজ এলাকায় কর্মকর্তাদিগকে এবং কর্মচারীদিগকে প্রচলিত নিয়ম/নিয়োগ বিধি এর শর্ত অনুযায়ী আন্তঃ থানায় বদলী করিতে পারিবেন।

(২.৩) প্রেষণে নিয়োজিত কর্মকর্তাকে স্বাভাবিকভাবে মেয়াদ পূর্তির পূর্বে অন্য জেলায় বদলী করা হইবে না এবং জনস্বার্থে বিশেষ কারণে বদলী করিবার ক্ষেত্রে স্থানীয় সরকার পরিষদকে অবহিত রাখা হইবে। নিয়োগকৃত কর্মকর্তা কাজে যোগদান না করা পর্যন্ত বদলীকৃত কর্মকর্তাকে অবমুক্ত করা যাইবে না।

(৩) ছুটি ঃ

(৩.১) নৈমিত্তিক ছুটি ঃ

স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান এবং তাঁহার অনুপস্থিতিতে তাঁহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি/কর্মকর্তা (যিনি আবেদনকারী কর্মকর্তার নিু পর্যায়ের কোন কর্মকর্তা হইবেন না) সংস্থা প্রধান এর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবেন। অন্যান্যদের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

(৩.২) অর্জিত ছুটি ও অন্যান্য ছুটি ঃ

প্রচলিত নিয়ম বহাল থাকিবে। তবে সকল কর্মকর্তার এতদসংক্রান্ত আবেদন ও অন্যান্য কাগজপত্র স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে।

(৪) বার্ষিক গোপনীয় প্রতিবেদন ঃ

(৪.১) সংস্থা প্রধান এর বার্ষিক গোপনীয় প্রতিবেদন স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান লিখিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য পানো হইবে।

(৪.২) প্রথম ও দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা এর বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংস্থা প্রধান লিখিবেন এবং স্থানীয় সরকার পরিষদের চেয়ারম্যান প্রতিস্বাক্ষর করিবেন এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট সংরক্ষণের জন্য পাইতে হইবে। অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে প্রচলিত নিয়ম বহাল থাকিবে।

(৫) উন্নয়ন সংক্রান্ত কর্মকান্ড ঃ

(৫.১) স্থানীয় সরকার পরিষদ জেলার অভ্যন্তরে (ক)-এ বর্ণিত কার্যাবলী সংক্রান্ত উন্নয়ন বিষয়ক প্রকল্প উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট/জেলা শিল্পকলা একাডেমী/জেলা সরকারী পাবলিক লাইব্রেরী, খাগড়াছড়ি এর স্থানীয় কর্মকর্তাগণের সহায়তায় বিধিমতে প্রণয়ন, গ্রহণ ও বাস্তবায়ন করিবেন।

(৫.২) জাতীয় পর্যায়ে (ক)- বর্ণিত কার্যাবলী সংক্রান্ত উন্নয়ন কার্যক্রম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিল্পকলা একাডেমী/ গণগ্রন্থাগার অধিদপ্তর বাস্তবায়ন করিবে।

তবে উক্ত কার্যক্রমের কোন অংশ প্রয়োজনবোধে স্থানীয় সরকার পরিষদের মাধ্যমে বাস্তবায়ন করা যাইবে।

২। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিল্পকলা একাডেমী/গণগ্রন্থাগার অধিদপ্তর এবং পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ যৌথভাবে চুক্তিতে বর্ণিত বিধান সমূহ প্রয়োজনবোধে পর্যালোচনা করিবেন এবং জনস্বার্থে ঐক্যমতের ভিত্তিতে এই চুক্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করিতে পারিবেন।

৩। (ক) চুক্তি বাস্তবায়নে এবং ইহার ব্যাখ্যার ব্যাপারে উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট/জেলা শিল্পকলা একাডেমী/জেলা সরকারী পাবলিক লাইব্রেরী এবং স্থানীয় সরকার পরিষদের মধ্যে কোন বিরোধ দেখা দিলে বিষয়টি নিষ্পত্তির জন্য সরকারের নিকট পেশ করা হইবে।

(খ) প্রায়োগিক জটিলতার কারণে যদি হস্তান্তরিত বিষয়/প্রতিষ্ঠানের পরিচালনায় অসুবিধার সৃষ্টি হয় বা সুষ্ঠু পরিচালনা বা বাস্তবায়ন অসম্ভব হইয়া পড়ে তাহা হইলে সরকার উক্ত অসুবিধা বা অবস্থা দূরীকরণার্থে আদেশ দ্বারা প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

এই উভয় ব্যাপারে সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

এই চুক্তি ১লা মে, ১৯৯৩ ইং/১৮ই বৈশাখ, ১৪০০ বাংলা হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষর-অস্পষ্ট
২১/১১/৯৩
(ইসলাম উদ্দিন মালিক)
সচিব
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

আমি সমীরণ দেওয়ান খাগড়াছড়ি পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদের পক্ষে এই চুক্তিনামায় উল্লেখিত বিষয়গুলির উপরে বর্ণিত শর্ত সাপেক্ষে গ্রহণ করিতে সম্মতি জ্ঞাপন করিলাম।

স্বাক্ষর-অস্পষ্ট
২১/১১/৯৩
সমীরণ দেওয়ান
চেয়ারম্যান
খাগড়াছড়ি পার্বত্য জেলা
স্থানীয় সরকার পরিষদ।